

# চট্টগ্রাম কাস্টমস് এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৮১০০

প্রচার পত্র নং-৬৯/২০২২  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ২৯/১১/২০২২ খ্রিঃ

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্যে  
আহ্বানকৃত দরপত্র নং- ২৬.০৫.০০০০.০২২.১১.০৮৬. ২২(৫) ৬১৪,  
তারিখঃ ০৯/১১/২০২২ খ্রিঃ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগনের সদয় অবগতির জন্য জানাচ্ছ যে, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং- ২৬.০৫.০০০০.০২২.১১.০৮৬. ২২(৫) ৬১৪, তারিখঃ ০৯/১১/২০২২ খ্রিঃ এর দরপত্র সিডিউলের অনুচ্ছেদ নং- ১(ছ)-তে “সি এন্ড এফ এজেন্টকে কমপক্ষে ০২(দুই)টি সরকারি প্রতিষ্ঠানে ০২(দুই) বছর সি এন্ড এফ কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং সে মর্মে অভিজ্ঞতার মূল সার্টিফিকেট দাখিল করতে হবে। বিগত ০২(দুই) বছরে সরকারি প্রতিষ্ঠানের কি পরিমাণ মালামাল খালাস করা হয়েছে তার প্রমাণসহ একটি তালিকা এবং ছক আকারে বার্ষিক টার্গেটের সাথে দাখিল করতে হবে” মর্মে শর্ত আরোপ করা হয়েছে। এ ধরনের শর্ত আরোপের ফলে দীর্ঘদিনের কাজের যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক ক্ষমতা থাকা সত্ত্বেও শুধুমাত্র ২টি সরকারি প্রতিষ্ঠানের ২(দুই) বছরের কাজের অভিজ্ঞতা না থাকার কারণে অধিকাংশ উপযুক্ত সি এন্ড এফ এজেন্ট উক্ত টেক্সারে অংশগ্রহনের সুযোগ পাচ্ছেন। অবস্থাদ্বন্দ্বে প্রতিয়মান হয় যে, কোন বিশেষ প্রতিষ্ঠান বা সিভিকেটকে সুবিধা প্রদানের জন্যে এক্সপ্রেস অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে।

এমতাব্দ্যায় টিসিবি কর্তৃপক্ষের উপরোক্তিত দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত নং-১(ছ) ব্যতিত অন্যান্য সকল শর্ত পূরণ করে এসোসিয়েশনের মাধ্যমে দরপত্র দাখিল করার বিষয়ে বিগত ১৬/১১/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত অত্র এসোসিয়েশনের টেক্সার, ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটির সভাপ্রসিদ্ধান্ত গ্রহণ করা হয়।

অতএব উপরোক্তিত সিদ্ধান্ত মোতাবেক টিসিবি'র দরপত্রের শর্ত নং-১(ছ) ব্যতিত অন্যান্য সকল শর্ত পূরণ করে আগামী ২২/১১/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ঘটিকার মধ্যে অত্র এসোসিয়েশন কার্যালয়ে পূরণকৃত দরপত্র জমা প্রদানের জন্য টিসিবি'র দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক সকল সম্মানিত সি এন্ড এফ এজেন্টকে অনুরোধ করা হল।

  
কাজী মাহমুদ ইমাম (বিলু)  
সাধারণ সম্পাদক